

ত্রিপুরা সরকার
উপজাতি কল্যাণ দপ্তর

F.14-336/TW/Stipend/ 2019-20/ 15120

9th October, 2020


Adv No.: Adv-01/TW/2020-21

বিজ্ঞপ্তি

উপজাতি কল্যাণ দপ্তর থেকে ২০২০-২১ ইং শিক্ষাবর্ষের জন্য উপজাতি ছাত্রছাত্রীদের রাজ্যের/বহিঃরাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং এবং প্যারামেডিকেল কোর্সে ভর্তির জন্য সহায়তা (Facilitation) প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উক্ত সহায়তা প্রক্রিয়ায় রাজ্যের/বহিঃরাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত থেকে তাদের শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন কোর্স সম্পর্কিত বিস্তারিত তথ্য পরিবেশন করবেন। যে সকল উপজাতি ছাত্রছাত্রীরা উক্ত সহায়তা প্রক্রিয়ায় অংশ গ্রহণের মাধ্যমে বিভিন্ন নার্সিং এবং প্যারামেডিকেল কোর্সে ভর্তি হবেন তাদের নিজ নিজ কোর্সের ফিস, হোস্টেলের থাকা খাওয়ার খরচ, আসা যাওয়ার খরচ সম্পূর্ণভাবে নিজেদেরই বহন করতে হবে। উপজাতি কল্যাণ দপ্তর থেকে কোনরকম আর্থিক সহায়তা এই ক্ষেত্রে প্রদান করা হবে না।

এই ক্ষেত্রে উল্লেখ্য যে, উপজাতি ছাত্রছাত্রী যাদের পারিবারিক বার্ষিক আয় ২ লক্ষ ৫০ হাজার টাকার মধ্যে তারা National Scholarship Portal (NSP) এর মাধ্যমে Post-Matric Scholarship এর জন্য সঠিকভাবে অনলাইনে আবেদনপত্র দাখিল করিলে নিয়মানুসারে Scholarship পেতে পারেন। National Scholarship Portal (NSP)এ সঠিকভাবে আবেদনপত্র দাখিল না করার কারণে Post-Matric Scholarship না পেলে উপজাতি কল্যাণ দপ্তর কোন ভাবেই দায়ী থাকবে না।

উক্ত সহায়তা প্রক্রিয়ায় অংশ গ্রহণের মাধ্যমে নার্সিং এবং প্যারামেডিকেল কোর্সে ভর্তি হতে ইচ্ছুক উপজাতি ছাত্রছাত্রীদের জানানো হচ্ছে তারা যেন উপজাতি কল্যাণ দপ্তরের website (<http://twd.tripura.gov.in>) এ অনলাইনে দরখাস্ত আগামী ২০ শে অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে দাখিল করে নিজেদের নাম নথিভুক্ত করেন। উক্ত তারিখের পর আর কোন আবেদন পত্র বিবেচনা করা হবে না।


অধিকর্তা,
উপজাতি কল্যাণ দপ্তর